

শিমুলছায়া লেডিস হোস্টেল

শিমুল মিউজিক সার্কেলের একটি উদ্যোগ

১৬ সি বোসপুকুর রোড, কলকাতা-৪২

দূরভাষ : ৯৮৩০৭৩৩৪২১

১০০ ছাত্রীকে বিনাখরচে ডাক্তারি পড়ার সুযোগ পেতে সহযোগিতা করবে শিমুলছায়া

নানা ধরনের সামাজিক ও সাংস্কৃতিক কাজের মধ্যে দিয়ে পায়ে পায়ে ২০টা বছর পার হলো শিমুলের। কলকাতা শহরে সবচেয়ে কম খরচে, সর্বাধিক সুবিধা ও নিরাপত্তাসহ মেধাবী ছাত্রীদের অন্যতম আধুনিক হোস্টেল শিমুলছায়াও তার ১২ বছর পূর্ণ করল জাতির সেবায়। গত চার বছর ধরে অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রীদের ডাক্তারি পড়ার সুযোগ পাওয়ার ক্ষেত্রে সহযোগিতা করে আসছে শিমুলছায়া। গত চার বছরে এই হোস্টেলে থেকে পড়াশোনা করে ২৫ জন ছাত্রী ডাক্তারিতে সুযোগ পেয়েছে এবং দেশ ও বিদেশের বিভিন্ন মেডিকেল কলেজে পড়ছে। নার্সিং, ফার্মাসি ও ইঞ্জিনিয়ারিং পড়া ছাত্রীর সংখ্যাও নেহাত কম নয়।

অভিজ্ঞতা থেকে আমাদের মনে হচ্ছে, সর্বভারতীয় পরীক্ষায় বাংলার ছেলেমেয়েরা পিছিয়ে পড়ছে বেশ কয়েকটি কারণে। মেধা ও পরিশ্রমের পাশাপাশি এনইইটি জাতীয় পরীক্ষায় সাফল্য পেতে গেলে চাই অত্যাধুনিক প্রযুক্তিগত সহায়তা ও অভ্যাস। গ্রামবাংলার বহু মেধাবী ছাত্র-ছাত্রী অর্থনৈতিক ও পরিকাঠামোগত দুর্বলতার ফলে সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং পিছিয়ে পড়ছে। দেশ ও সমাজ তার মেধাসম্পদকে হারিয়ে ফেলছে। এছাড়াও আমরা সকলে জানি যে অভাব এবং নিরাপত্তার প্রশ্ন তুলে সংকুচিত হচ্ছে মেয়েদের উচ্চশিক্ষার পরিসর। শিক্ষা ও অগ্রগতির পক্ষে যা ভয়ংকর।

এই ভাবনা থেকেই আমাদের মনে হয়েছে কিছু করা দরকার। ডাক্তারি পড়ার সুযোগ পেলে অনেক মানুষ ও প্রতিষ্ঠান সহযোগিতা করেন, কিন্তু প্রকৃতপক্ষে একটি মেধাবী ছাত্রী কিভাবে সেই সুযোগটা পাবে তা নিয়ে কোন ভাবনাচিন্তা নেই। তাই আমরা ঠিক করেছি আপাতত আমরা ১০ জন ছাত্রীকে এই সুযোগটা দেব। গ্রামবাংলার প্রত্যন্ত অঞ্চলের অর্থনৈতিক ও প্রযুক্তিগতভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রীদের আমরা খুঁজে বের করবো। উচ্চমাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পড়ার পর যারা ডাক্তারি পড়ার স্বপ্ন দেখে। সম্ভাবনাময় এইসব ছাত্রীরা শিমুলছায়া হোস্টেলে বিনাখরচে একবছর থাকতে পারবে। তাদের পুষ্টিকর খাওয়া-দাওয়া, পড়াশোনা, বই-খাতাপত্র ও প্রযুক্তিগত অভ্যাসের--সমস্ত খরচ বহন করবে শিমুলছায়া লেডিস হোস্টেল। এভাবে আমরা অন্তত ১০০ ছাত্রীকে ডাক্তারি পড়াতে পাঠাবো।

এবছর আমরা ১০ জনকে নিয়ে এই কাজ শুরু করতে চলেছি। এ প্রকল্পে সাড়ে বারো লক্ষ টাকা খরচ হবে। বহু বিশিষ্ট মানুষ তাদের শুভকামনা জানিয়েছেন। এ কাজে সাফল্য পেতে আপনাদের সক্রিয় সহযোগিতা প্রার্থনা করি।

শিমুলছায়া হোস্টেলের ঠিকানা -৯৮ শরৎ বোস কলোনি, কোলকাতা-৭৮ (ঢাকুরিয়া স্টেশনের কাছে কপিবাগান জলট্যাঙ্কের উল্টোদিকে অথবা হালতু পাগলাগারদের পেছনে।)

ধন্যবাদান্তে

মৌসুমী রায়

সম্পাদক, শিমুল

৯৮৩০৭৩৩৪২১